

যুগান্ত

ফেসবুকে প্রশ়ির্ফাঁসের চেষ্টা: শিক্ষার্থী কারাগারে

প্রকাশ : ০৬ এপ্রিল ২০১৯, ১৯:০৫ | অনলাইন সংক্রণ

 বাঘা (রাজশাহী) প্রতিনিধি



শিক্ষার্থী কারাগারে। ছবি সংগ্রহীত

রাজশাহীর বাঘায়
মোবাইল ফোনের
মাধ্যমে ফেসবুক থেকে
প্রশ্ন সরবরাহের চেষ্টার
অভিযোগে এক
শিক্ষার্থীকে কারাগারে
পাঠানো হয়েছে।

শনিবার বাঘা
উপজেলার আড়ানী
আলহাজু এরশাদ আলী
মহিলা ডিপি কলেজ
কেন্দ্রে এ ঘটনা ঘটেছে।

বিষয়টি নিশ্চিত করেন
উপজেলা নির্বাহী
কর্মকর্তা ও নির্বাহী
ম্যাজিস্ট্রেট শাহিন
রেজা।

জানা যায়, আড়ানী
ডিপি কলেজের
এইচএসসি পরীক্ষার্থী
সোহান আলী। কেন্দ্র
ইংরেজি দ্বিতীয়পত্র

পরীক্ষা দেওয়ার সময় মোবাইল ফোন নিয়ে কেন্দ্রে প্রবেশ করে। এ সময় সে মোবাইল ফোনের মাধ্যমে ফেসবুক ব্যবহার করে প্রশ্ন সরবরাহের চেষ্টা করে। এ সময় কক্ষ পরিদর্শক বিষয়টি জানতে পেরে তাকে আটক করে। পরে তাকে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহিন রেজার ভ্রাম্যমাণ আদালতে হাজির করা হয়। সে নিজের দোষ শিকার করায় তাকে ১৫ দিনের জন্য সাজা দেয়া হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।